# <u>শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট</u>

## শ্রেণি-তৃতীয়
## বিষয়-গণিত
## একক-ঘড়ি

১। সময় পরিমাপের যন্ত্রের নাম বল।

উ:-ঘড়ি।

২। ঘড়ির সাহায্যে আমরা সময়ের কোন্ কোন্ এককগুলির পরিচয় পাই?

উ:-ঘন্টা,মিনিট,সেকেন্ড ।

৩। ঘন্টা,মিনিট ও সেকেন্ডের মধ্যে সবচেয়ে বড়ো ও সবচেয়ে ছোট একক দুটি কী কী?

উ:-সবচেয়ে বড়ো একক-ঘন্টা ।

সবচেয়ে ছোট একক-সেকেন্ড।

৪| সেকেন্ড থেকে মিনিট এবং মিনিট থেকে ঘন্টা কত বড়ো?

উ:-৬০ গুণ বড়ো।

৫| ঘন্টাকে মিনিটে পরিণত করতে হলে কী করবে?

উ:-৬০ দিয়ে গুণ করবো।

৬| মিনিট কে সেকেন্ডে পরিণত করতে হলে কী করবে?

উ:-৬০ দিয়ে গুণ করবো।

৭| সেকেন্ড কে মিনিটে পরিণত করতে হলে কী করবে?

উ:-৬০ দিয়ে ভাগ করবো|

৮| মিনিট কে ঘন্টায় পরিণত করতে হলে কী করবে?

উ:-৬০ দিয়ে ভাগ করবো|

ঘন্টা মিনিট সেকেন্ড


------→ ×৬০ ------→ ×৬০ -------→

<-------- ÷৬০ ←------- ÷৬০ ←-------

৯| ঘড়িতে কয়টি কাঁটা দেখা যায়?

উ:–ঘড়িতে সাধারণত তিনটি কাঁটা থাকে-ঘন্টা, মিনিট, সেকেন্ড |যদিও বর্তমানে বেশিরভাগ ঘড়িতে সেকেন্ডের কাঁটা থাকে না |

চিত্র–১:–




**ঘড়ি**

১০। ঘড়িতে কয়টি সংখ্যা দেখতে পাও?সেগুলি কী নির্দেশ করে?

উ:- ঘড়িতে ১২ টি সংখ্যা দেখতে পাওয়া যায় । সেগুলি ঘন্টা কে নির্দেশ করে।

সংখ্যাগুলির মধ্যে যে ছোট ছোট দাগ গুলি থাকে সেগুলির প্রতিটি এক একটি মিনিট কে নির্দেশ করে।

১১| একদিন কত ঘন্টায় হয়?

উ:-একদিন ২৪ ঘন্টায় হয়।

১২| ২৪ ঘন্টার ঘড়ি কোথায় দেখতে পাও?

উ:-রেল স্টেশন, ব্যাঙ্ক, হাসপাতাল ইত্যাদি জায়গায় আমরা ২৪ ঘন্টার ঘড়ি দেখতে পাই।

১৩| সাধারণ ঘড়িতে ২৪ ঘন্টা কীভাবে হিসাব করা হয়?

উ:-রাত ১২ টা থেকে দুপুর ১১টা ৫৯ মিনিট পর্যন্ত সময়কে আমরা ধরি a.m বা Ante Meridian.যেমন রাত ২টো বেজে ২৫ মিনিট কে লিখি ২:২৫ এ.এম বা 2:25 a.m. আবার দুপুর ১২ টা থেকে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত সময়কে আমরা ধরি p.m বা Post Meridian. Meridian শব্দটির অর্থ mid-day অর্থাৎ দিনের ঠিক মাঝের সময়টি।Ante অর্থাৎ ‘আগে’ এবং Post অর্থাৎ ‘পরে’।তাই দুপুর ১২ টার আগের সময় a.m এবং তার পরের সময় p.m । যেমন- সন্ধ্যা ৭ টা ২৫ মিনিটকে আমরা লিখব ৭:২৫ পি.এম বা 7:25 p.m ।

এবারে ২৪ ঘন্টার ঘড়ি হিসাব করব কীভাবে:-

ক) যতগুলি সময় এ.এম বা a.m থাকে,সেগুলি ঠিক একই ভাবে ঘন্টা ও মিনিটে লেখা হয়।

যেমন- সকাল ৯ টা ৪০ মিনিট = ৯:৪০ a.m

= ৯ ঘন্টা ৪০ মিনিট ।

আবার যতগুলি সময় পি.এম বা p.m থাকে, সেগুলির ক্ষেত্রে কিন্তু ঘন্টার সংখ্যাটির সাথে ১২ যোগ করে যোগফলটি ঘন্টায় লেখা হবে এবং মিনিটের সংখ্যাটি অপরিবর্তিত থাকবে ।

যেমন- সন্ধ্যা ৭ টা ৪৫ মিনিট = ৭:৪৫ পি.এম


= (৭+১২) ঘন্টা ৪৫ মিনিট

= ১৯ ঘন্টা ৪৫ মিনিট ।

এভাবে রাত ১২ টা কে ০ ঘন্টা ধরে শুরু করে পরের দিন দুপুর ১২টা কে ১২ ঘন্টা ও সেই দিন রাত ১১:৫৯ পি.এম পর্যন্ত ধরা হয় ।

(১১+১২) ঘন্টা ৫৯ মিনিট অর্থাৎ ২৩ ঘন্টা ৫৯ মিনিট ।

এর পরের মিনিটেই ২৪ ঘন্টা পূর্ণ হয়ে একটি নতুন দিন শুরু হয় ।




যেমন-১।i)দুপুর ২ টো ১৫ মিনিট

= (২+১২) ঘন্টা ১৫ মিনিট

= ১৪ ঘন্টা ১৫ মিনিট ।

ii)সকাল ৮ টা ৪০ মিনিট

= ৮ ঘন্টা ৪০ মিনিট ।

iii)সন্ধ্যা ৭ টা ৫ মিনিট

= (৭+১২) ঘন্টা ৫ মিনিট

= ১৯ ঘন্টা ৫ মিনিট ।

iv) রাত ৯ টা ২০ মিনিট

= (৯+১২) ঘন্টা ২০ মিনিট

= ২১ ঘন্টা ২০ মিনিট ।

V) ভোর ৫ টা ৩০ মিনিট

= ৫ ঘন্টা ৩০ মিনিট।

১৪| মিনিটের কাঁটা টি পুরো ঘড়িটি একবার ঘুরতে কত সময় নেয়?

উ:-৬০ মিনিট বা ১ ঘন্টা ।

১৫| ঘন্টার কাঁটা পুরো ঘড়িটি একবার ঘুরতে কত সময় নেয়?

উ:- ১২ ঘন্টা । অর্থাৎ একদিনে ঘন্টার কাঁটা পুরো ঘড়িটিতে দুই বার পাক খায়।

**<u>বাড়ীর কাজ-নিজে করো:-</u>**

**<u>১| i)</u>** বিকেল ৪টা ২০মিনিট = কত ঘন্টা কত মিনিট?

Ii) রাত ২টো = কত ঘন্টা কত মিনিট?

Iii) সন্ধ্যা ৬টা ১৫মিনিট = কত ঘন্টা কত মিনিট?

Iv) সকাল ৭টা ৩৫মিনিট = কত ঘন্টা কত মিনিট?

V) ভোর ৪টা ১৫মিনিট = কত ঘন্টা কত মিনিট?

১৬|i) ১৬ঘন্টা ২৬মিনিট বলতে দিনের কোন সময় কে বোঝায়?

উ:- ১৬ঘন্টা ২৬মিনিট

=(১৬-১২) ঘন্টা ২৬মিনিট

= বিকেল ৪ঘন্টা ২৬মিনিট ।

ii) ৩ঘন্টা ২০মিনিটবলতে দিনের কোন সময় কে বোঝায়?

উ:-রাত ৩টে বেজে ২০মিনিট ।

iii) ২০ঘন্টা বলতে দিনের কোন সময় কে বোঝায়?

উ:- (২০-১২) টা= রাত ৮টা।

Iv) ৫ঘন্টা ৪০মিনিট বলতে দিনের কোন সময় কে বোঝায়?

উ:-ভোর ৫টা ৪০মিনিট ।

**বাড়ীর কাজ:- নিজে করো:-**

১|দিনের কোন সময় কে বোঝায়?

ক)১৯ঘন্টা ১৮মিনিট

খ)৭ঘন্টা ১২মিনিট

গ)২২ঘন্টা ৫মিনিট

ঘ)২ঘন্টা ৩০মিনিট

ঙ)২৪ঘন্টা

**সমস্যার অঙ্ক**

১|তোমার বাবা সকাল ১০ টায় বাড়ি থেকে বেড়িয়ে দুপুর ১ টায় বাড়ি ফিরে এলেন।তিনি কতক্ষণ বাড়ির বাইরে ছিলেন?

সকাল ১০টা = ১০ ঘন্টা

দুপুর ১টা = (১২+১)ঘন্টা = ১৩ ঘন্টা

[অঙ্কের প্রয়োজনে প্রথমে ঘন্টা নির্ণয় করে নিতে হবে ]

বাবা বাড়ি এলেন = ১৩ ঘন্টায়

বাবা বাইরে গিয়েছিলেন = -১০ ঘন্টায়

৩ ঘন্টা

উ:-তিনি ৩ ঘন্টা বাড়ির বাইরে ছিলেন ।

২| একটি স্কুল শুরু হয় সকাল ১০টা ৩০মিনিটে এবং ছুটি হয় দুপুর ৩টে ৪৫মিনিটে। টিফিনের জন্য ৩০ মিনিট স্কুলে পড়াশোনা বন্ধ থাকে। বিদ্যালয় কতক্ষণ খোলা থাকে? কতক্ষণ পড়া হয়?

সকাল ১০টা ৩০মিনিট = ১০ঘন্টা ৩০মিনিট

দুপুর ৩টে ৪৫মিনিট = (৩+১২)ঘন্টা ৪৫মিনিট = ১৫ঘন্টা ৪৫মিনিট

বিদ্যালয়টি ছুটি হয় ১৫ ঘন্টা ৪৫ মিনিটে

বিদ্যালয়টি শুরু হয় -১০ ঘন্টা ৩০ মিনিটে

৫ ঘন্টা ১৫ মিনিট

উ:-বিদ্যালয়টি ৫ ঘন্টা ১৫ মিনিট খোলা থাকে।

৪ (৬০+১৫)=৭৫

বিদ্যালয়টি খোলা থাকে ৫ ঘন্টা ১৫ মিনিট

টিফিন হয় - ৩০ মিনিট

৪ ঘন্টা ৪৫ মিনিট

উ:-বিদ্যালয়ে পড়া হয় ৪ ঘন্টা ৪৫ মিনিট।

**বাড়ির কাজ:-**

১| তুমি সকাল ১০টা ৩৫মিনিটে একটা প্রজেক্ট তৈরি করতে বসলে৷ প্রজেক্টটি শেষ করলে দুপুর ২টো ১৫মিনিটে৷ প্রজেক্টটি সম্পূর্ণ করতে কত সময় লেগেছিল?

২| একদিন ভোর ৪টে ২৫মিনিটে তুমি সূর্যের প্রথম আলো দেখতে পেলে এবং সন্ধ্যা ৬টা ৪৫মিনিটে সূর্যের আলোর শেষ রেশ টুকু দেখতে পেলে৷ ঐদিন সূর্য-এর আলো কতক্ষণ ছিল?

৩| একটি ফুটবল খেলা শুরু হল সকাল ১০টা বেজে ১৫মিনিটে। শেষ হল দুপুর ৩টে ৫ মিনিটে৷ মাঝে ৩০ মিনিটের জল পানেরপানের বিরতি ছিল৷ খেলা শেষ হতে কত সময় লেগেছিল? মোট খেলা চলেছিল কতক্ষণ?

SRAI

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য
  Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।